

ইবিতে ঈদ-গ্রীষ্মকালীন ছুটিতে হল বন্ধের সিদ্ধান্ত, শিক্ষার্থীদের ক্ষোভ

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ১৯ মে, ২০২৬ ১৬:৫৭



সংগৃহীত ছবি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে গ্রীষ্মকালীন ও পবিত্র ঈদুল
আজহা উপলক্ষে ২৩ দিনের ছুটি ঘোষণা করা হয়েছে।
পাশাপাশি ১৫ দিনের জন্য আবাসিক হলসমূহ বন্ধের
ঘোষণা দিয়েছে প্রভোস্ট কাউন্সিল।

তবে ১৫ দিনের হল বন্ধকে ‘অযৌক্তিক’ আখ্যা দিয়ে
এমন সিদ্ধান্তে ক্ষোভ জানিয়েছেন শিক্ষার্থীরা।
বিশ্ববিদ্যালয়ের ভিন্ন ধর্মাবলম্বী ও চাকরি প্রস্তুতি নেওয়া
শিক্ষার্থীরা ছুটির সময়েও হলসমূহ খোলা রাখার দাবি
জানান।

জানা যায়, মঙ্গলবার (১৯ মে) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার
দপ্তরের এক অফিস আদেশে বিশ্ববিদ্যালয় বন্ধের সিদ্ধান্ত
জানানো হয়। আগামী ২৩ মে থেকে ১০ জুন পর্যন্ত মোট
১৯ দিন বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস-পরীক্ষা ও অফসসমূহ
বন্ধ থাকবে।

এ ছাড়া ২১ ও ২২ মে এবং ১১ ও ১২ জুন সাপ্তাহিক ছুটি হওয়ায় এসব দিনেও বন্ধ থাকবে বিশ্ববিদ্যালয়। তবে বন্ধকালীন জরুরি সেবাসমূহ চালু থাকবে। এর পাশাপাশি আগামী ২৩ মে সকাল ১০টা থেকে ১৫ দিনের জন্য বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ বন্ধের সিদ্ধান্ত নিয়েছে প্রভোস্ট কাউন্সিল। হল খুলবে ৭ জুন সকাল ১০টায়।

এদিকে প্রশাসনের হল বন্ধের সিদ্ধান্তকে অযৌক্তিক ও হঠকারী আখ্যা দিয়ে ক্ষোভ প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয়ের ভিন্ন ধর্মাবলম্বী ও চাকরি প্রস্তুতি নেওয়া শিক্ষার্থীরা।

ভিন্ন ধর্মাবলম্বী শিক্ষার্থীরা বলেন, ‘ঈদুল আজহার ছুটিতে হলগুলো বন্ধ করা আমাদের প্রতি এক রকম বৈষম্য। আমাদের অনেকের বাড়ি দূর-দূরান্তে হওয়ায় বাড়ি যাওয়া হয় না। তা ছাড়া এ সময় আমাদের কোনো উৎসবও

থাকে না। তাই আমরা চাই, বিশ্ববিদ্যালয় প্রশাসন হল বন্ধের বিষয়টি পুনরায় বিবেচনা করবেন।

হল বন্ধের বিষয়ে প্রভোস্ট কাউন্সিলের সভাপতি অধ্যাপক ড. জালাল উদ্দীন বলেন, ‘ঈদের ছুটি উপলক্ষে ১৫ দিন আবাসিক হলগুলো বন্ধ থাকবে। ইসলামী বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী লাল ছুটির দিনগুলোতে হল বন্ধ থাকে। এ সময় স্টাফদের ডিউটি করতে বাধ্য করা যায় না। ফলে কিছু সীমাবদ্ধতা তৈরি হয়। শিক্ষার্থীরা টিউশনি বা ব্যবসার কথা বলে হলে থাকতে চায়, কিন্তু এর দায়ভার প্রভোস্টদের নেওয়ার কথা নয়।’